

তারিখ: ১৮.১২.২০১৭

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি.এ. অনার্স কোর্সে বিভাগ/ইনস্টিটিউট ভিত্তিক আসনপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য জ্ঞাতব্য :-

কলা ও মানববিদ্যা অনুষদভূক্ত (বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, নাট্যকলা, আধুনিক ভাষা ইনস্টিটিউট, চারুকলা ইনস্টিটিউট, ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, ইনস্টিটিউট অব এডুকেশন এণ্ড রিসার্চ (আই.ই.আর.), সংগীত ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ) বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীবৃন্দকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হতে আগামী ১৮.১২.২০১৭ থেকে ২৭.১২.২০১৭ তারিখের মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করে আগামী ২৮.১২.২০১৭ তারিখ বেলা ১-০০টার মধ্যে অগ্রণী ব্যাংক লি., চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায়, ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

শিক্ষার্থীদের এস.এস.সি. ও এইচ.এস.সি. এবং সমমানের পরীক্ষা পাশের মূল নম্বর ফর্দ সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট জমা রাখবে। নিয়মানুযায়ী ভর্তি বাতিল না করে উল্লেখিত নম্বর ফর্দ সমূহ ফেরৎ নেয়া যাবে না। তবে, ভর্তির মেধা ও অপেক্ষমান তালিকার সর্বশেষ তারিখের এক মাস পর ভর্তি বাতিল না করেও শিক্ষার্থীরা তাদের মূল নম্বর ফর্দ সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হতে ফেরৎ নিতে পারবে।

১ম বর্ষ বি.এ. অনার্স (২০১৭-২০১৮) কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ আগামী ০১.০১.২০১৮ তারিখ থেকে শুরু হবে।

(ড. মো. সেকান্দর চৌধুরী)

ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

স্মারক নং:.....

তারিখ: ১৮.১২.২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১. সভাপতি/পরিচালক, কলা ও মানববিদ্যা অনুষদভূক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহ, চ.বি., প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের তালিকা এবং মূল ডকুমেন্টসমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং শূন্য আসনের হিসাব আগামী ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করছি।
২. প্রভোস্ট, সোহরাওয়ার্দী হল, শামসুল্লাহর হল, প্রীতিলতা হল, জননেত্রী শেখ হাসিনা হল, দেশনেত্রী বেগম খালেদা জিয়া হল, চ.বি.
৩. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চ.বি.
৪. কো-অর্ডিনেটর, আই.সি.টি. চ.বি. (অনলাইনে ভর্তির সময়সূচি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি)
৫. হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চ.বি.
৬. ডেপুটি রেজিস্ট্রার (উপাচার্য মহোদয়ের দপ্তর), চ.বি.
৭. ডেপুটি রেজিস্ট্রার (তথ্য), চ.বি. (স্থানীয় ও জাতীয় পত্রিকায় ভর্তির সময়সূচি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।)
৮. ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক), চ.বি.
৯. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর, চ.বি.
১০. ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি., চ.বি. শাখা
১১. বিজ্ঞপ্তি ফরম, কলা ও মানববিদ্যা অনুষদ, চ.বি.

(ড. মো. সেকান্দর চৌধুরী)
ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।